National Development Programme Bangladesh NDP

বিস্‌মিল্লাহির রাহমানির রাহিম

# ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম(এনডিপি)

## সংশোধিত

# গঠন তন্ত্র

(৩য় সংস্করণ, জুলাই-২০১৪ খ্রিঃ)

NDP

এনডিপি ভবন, বাগবাড়ী, ডাকঘরঃ শহীদনগর
উপজেলাঃ কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩
ফোনঃ ০৭৫১-৬৩৮৭০-৭১, ফ্যাক্সঃ ০৭৫১-৬৩৮৭৭

বিঃ দ্রঃ ঋণ ও সঞ্চয় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এবং বিভাগীয় কার্যক্রমের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে এবং এ সংস্থার গঠনতন্ত্রে যা কিছু লিপিবদ্ধ থাকুক না কেন এসংস্থাটি বাংলাদেশে বিদ্যমান আইন ও বিধি-বিধান সমূহ মেনে চলতে বাধ্য থাকবে।

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

সংশোধিত

**ধারা নং-০১**

ক) সংগঠনের নামঃ ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম; সংক্ষেপে (এনডিপি)

National Development Programme (NDP)

প্রধান কার্যালয় ঃ
খ) ঠিকানা ঃ এনডিপি ভবন, বাগবাড়ী. শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ, পোষ্ট বক্স নং-০২, বাংলাদেশ।
ফোনঃ ০৭৫১-৬৩৮৭০-৭১, ফ্যাক্সঃ ০৭৫১-৭৩৮৭৭

গ) কর্ম এলাকা ঃ সংস্থার প্রতিষ্ঠাকালীন কর্ম এলাকা সিরাজগঞ্জ জেলার সকল উপজেলায় বিস্তৃত। তবে ভবিষ্যতে চাহিদার ভিত্তিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সমগ্র বাংলাদেশে এর কার্যক্রম সম্প্রসারণ করা যাবে। সংস্থার কর্মসূচি বাস্তবায়নের স্বার্থে বাংলাদেশের যে কোন স্থানে সংস্থার শাখা অফিস খোলা যাবে।

**ধারা নং-০২**

আদর্শ ঃ বাংলাদেশের গণ মানুষের উন্নয়নে সহযোগীতার মাধ্যমে একটি সুখী সমৃদ্ধ ও স্বাবলম্বী সমাজ গড়ে তোলা।

**ধারা নং-০৩**

সংস্থার ভিশন (Vision) ঃ নারী-পুরুষ, জাতি ধর্ম, বর্ণ নির্বিশেষে সবার জন্য ন্যায় ও সমতার ভিত্তিতে একটি দারিদ্রমুক্ত সমাজ গঠন।

সংস্থার মিশন (Mission) ঃ সর্বোত্তম সেবা প্রদানের মাধ্যমে লক্ষ্যভুক্ত জনগোষ্ঠির সক্ষমতা উন্নয়ন এবং স্থানীয় সম্পদের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে তাদের সক্রিয় অংশগ্রহণের সুযোগ প্রদান ও তাদেরকে উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্তকরণ।

**ধারা নং-০৪**

উদ্দেশ্যাবলী ঃ

উপধারাঃ

১. লক্ষ্যিত জনগোষ্ঠীর সামাজিক ও অধিকার বিষয়ক সচেতনতা বৃদ্ধির মাধ্যমে তাদের নিজস্ব সংগঠন তৈরীতে সহায়তা করা।
২. লক্ষিত জনগোষ্ঠীকে আত্মনির্ভরশীল করার লক্ষ্যে তাদেরকে সঞ্চয় গঠনে উদ্বুদ্ধ করা।
৩. লক্ষিত জনগোষ্ঠীর অর্থনৈতিক নির্ভরশীলতা অর্জনে তাদরকে আয়বৃদ্ধিমূলক কর্মকান্ড/ব্যবসা পরিচালনায় আর্থিক সহায়তা প্রদান করা।
৪. সংস্থার কর্মী ও লক্ষ্যিত জনগোষ্ঠীর সক্ষমতা বাড়ানো, মানব সম্পদ উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধি করা।
৫. নিরাপদ পানি, স্বাস্থ্য সম্মত পয়ঃনিস্কাশন এবং প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা ও পরিবার পরিকল্পনা বিষয়ক সচেতনতা বৃদ্ধি ও কর্মসূচি বাস্তবায়নে উদ্বুদ্ধ করা।
৬. আর্থ-সামাজিক উন্নয়ন প্রক্রিয়া বিশ্লেষন, মূল্যায়ন ও গবেষণা করা এবং অনুরূপ কাজে নিয়োজিত দেশী-বিদেশী প্রতিষ্ঠানের সাথে সহযোগিত করা।
৭. আয়বৃদ্ধিমূলক কর্মসূচি বাস্তবায়নে সরকার, দেশী-বিদেশী দাতা সংস্থা, ব্যাংক কিংবা অর্থলগ্নিকারী প্রতিষ্ঠান অথবা অন্যকোন উৎস হতে প্রাপ্ত ঋণ গ্রহণ করা।
৮. দরিদ্র জনগোষ্ঠীর আর্থিক উন্নয়নকল্পে ও তাদের বিভিন্ন আয়বৃদ্ধিমূলক কর্মকান্ড ও ব্যবসা পরিচালনার ক্ষেত্রে দরিদ্র জনগন যাতে যথাযথ উপকৃত হতে পারে তার জন্য ঋণ সহায়তা কার্যক্রম পরিচালনা করা।
৯. কৃষি উৎপাদন-যেমন কৃষিজ, মৎস্য হাস-মুরগী ও পশুপালন কার্যক্রম সম্প্রসারনে সহায়তা করা।
১০. জনগণের অংশগ্রহণের মাধ্যমে প্রাকৃতিক পরিবেশ সংরক্ষণে সামাজিক বনায়ন কার্যক্রম গ্রহণ, বাস্তবায়ন ও সম্প্রসারণে সহায়তা করা।

পরীক্ষিত ২৯/০৮/২০১৮

সমাজসেবা অফিসার (রেজিঃ)
জেলা সমাজসেবা কার্যালয়
সিরাজগঞ্জ।

অনুমোদন করা হলো ২৭.৮.২০১৮

উপপরিচালক
সমাজসেবা অধিদফতর
ও
নিবন্ধন কর্তৃপক্ষ, সিরাজগঞ্জ।

সাধারন সম্পাদক
ন্যাশনাল ডেভেঃ প্রোগ্রাম।
২৯/৭/২০১৮

বিঃ দ্রঃ ঋণ ও সঞ্চয় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এবং বিভাগীয় কার্যক্রমের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে এবং এ সংস্থার গঠনতন্ত্রে যা কিছু লিপিবদ্ধ থাকুক না কেন এসংস্থাটি বাংলাদেশে বিদ্যমান আইন ও বিধি-বিধান সমূহ মেনে চলতে বাধ্য থাকবে।



সংশোধিত

১১. জলবায়ুর প্রভাবজনিত কারনে সৃষ্ট দুর্যোগ মোকাবেলায় জনগোষ্ঠীকে সচেতন করা সহ কার্যকরী কর্মসূচি গ্রহণ করা।

১২. দরিদ্র ও গৃহহীনদের আবাসন সুবিধা নিশ্চিত করণে আর্থিক সহায়তা/গৃহ নির্মাণ সামগ্রী প্রদান করা।

১৩. প্রাথমিক স্বাস্থ্য সেবা, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সচেতনতা বৃদ্ধি করা এবং এ ক্ষেত্রে প্রয়োজনীয় সেবা প্রদান করা।

১৪. যৌনব্যাধি, HIV-AIDS ও মাদক বিরোধী সচেতনতা বিষয়ক কর্মসূচি গ্রহণ করা।

১৫. দারিদ্র বিমোচনও দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে তাদের নানাবিধ সম্পদ ও আর্থিক সহায়তা প্রদান করা।

১৬. দরিদ্র জনগোষ্ঠীর মানবাধিকার প্রতিষ্ঠায় তাদেরকে আইনী সহায়তা প্রদান করা।

১৭. উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও ব্যবস্থাপনা পরিচালনার ক্ষেত্রে নাগরিক সমাজ, সিবিও এবং স্থানীয় সরকার কাঠামোর সক্ষমতা বৃদ্ধি করা।

১৮. দুর্যোগ প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণ ও দুর্যোগ মোকাবেলায় সর্বস্তরের জনগণকে সচেতন করা ও তাদের সক্ষমতা বৃদ্ধি করা, দুর্যোগ প্রশমণে কার্যকর ব্যবস্থা গ্রহণ, দুর্যোগে সাড়া প্রদান ও দুর্যোগ পরবর্তী পূনর্বাসন কার্যক্রম পরিচালনা করা।

১৯. প্রতিবন্ধিতা উন্নয়ন বিষয়ক সামাজিক সচেতনতা সৃষ্টি এবং প্রতিবন্ধী ব্যক্তিদের সামাজিক মর্যাদা বৃদ্ধি ও তাদের সমাজে পূনর্বাসিত করার লক্ষ্যে প্রয়োজনীয় আর্থিক ও উপকরণ সহায়তা প্রদান করা।

২০. আদিবাসী ও অন্যান্য ক্ষুদ্র জাতিগোষ্ঠীর আর্থ-সামাজিক ও মানবিক উন্নয়নে প্রশিক্ষণ ও পূনর্বাসনে কাজ করা।

২১. সংস্থা ও কমিউনিটি পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠা ও জেন্ডার সমতা সমুন্নত রাখা।

২২. সংস্থার বিভিন্ন পরিসেবা সম্প্রসারণ ও টেকসই উন্নয়নে যথাযথ কর্মসূচি গ্রহণ করা।

২৩. শিশু ও কিশোরদের কল্যাণের লক্ষ্যে শিশু শিক্ষা, শিশু সংস্কৃতি, শিশু বিকাশ, শিশু স্বাস্থ্য ও শিশু সংগঠন গড়ে তোলা।

২৪. নারীদের অর্থনৈতিক-সামাজিক মর্যাদা বৃদ্ধি, তাদের ক্ষমতায়ন ও অধিকার আদায়ের লক্ষ্যে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করা।

২৫. সর্বস্তরে শিক্ষা কার্যক্রম প্রসারের লক্ষ্যে বিদ্যালয় শিক্ষার পাশাপাশি অনানুষ্ঠানিক/উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচি গ্রহণ করা।

২৬. জনগণ ও নাগরিক সমাজের অধিকতর অংশগ্রহণ নিশ্চিতকরণের মাধ্যমে নির্বাচন প্রক্রিয়াকে কার্যকর, গ্রহণযোগ্য ও সুসংহত করা।

~~২৭. স্বাবলম্বিতা অর্জনের লক্ষ্যে সংস্থা কর্তৃক নিজস্ব উদ্যোগে যে কোন প্রকার লাভজনক অর্থনৈতিক কর্মকান্ড (ক্ষুদ্র ও মাঝারী উদ্যোগ প্রভৃতি) গ্রহণ করা।~~

**ধারা নং-০৫**

**সদস্য পদঃ**

সংগঠনের গঠনতন্ত্রের প্রতি পূর্ণ আস্থা রেখে এবং নিম্নে বর্ণিত নিয়মাবলী মেনে ১৮ বছরের উর্ধ্বে বাংলাদেশের যে কোন সুস্থ নাগরিক এই সংগঠনের সদস্য হতে পারবেন। তবে প্রত্যেক সদস্যকে অবশ্যই নিম্নোক্ত শর্তাবলী মেনে চলতে অঙ্গীকারবদ্ধ থাকতে হবে।

**উপধারাঃ**

ক) সংস্থার নির্ধারিত ভর্তি ফরমে আবেদন করতে হবে এবং কার্যনির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদন সাপেক্ষে সদস্যপদ মঞ্জুর হবে।

খ) সংগঠন বিরোধী কাজ না করা।

গ) রাষ্ট্র, সমাজ ও দেশের উন্নয়ন বিরোধী কোন কাজে জড়িত না থাকা।

ঘ) প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সংগঠনের কাজে সহযোগীতা করা।

ঙ) সক্রিয় রাজনীতিতে অংশগ্রহণ না করা।

চ) ধার্যকৃত ভর্তি ফি ও বার্ষিক চাঁদা প্রদান করা।

পরীক্ষিত
২৭/০৮/২০১৮

সমাজসেবা অফিসার (রেজিঃ)
জেলা সমাজসেবা কার্যালয়
সিরাজগঞ্জ।
২৭/৮/২০১৮

সাধারন সম্পাদক
ন্যাশনাল ডেভেঃ প্রোগ্রাম।

২৭.৮.১৮
উপ পরিচালক
সমাজসেবা অধিদপ্তর

বিঃ দ্রঃ ঋণ ও সঞ্চয় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এবং বিভাগীয় কার্যক্রমের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে এবং এ সংস্থার গঠনতন্ত্রে যা কিছু লিপিবদ্ধ থাকুক না কেন এসংস্থাটি বাংলাদেশে বিদ্যমান আইন ও বিধি-বিধান সমূহ মেনে চলতে বাধ্য থাকবে।

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

সংশোধিত

**ধারা নং-০৬**

সদস্য পদ বাতিলঃ নিম্নের যে কোন একটি কারণে সদস্য পদ বাতিল হবে;

**উপধারাঃ**

ক) সংগঠনের গঠনতন্ত্রের পরিপন্থি বা সংগঠন বিরোধী কোন কাজ করলে;

খ) পর পর দু'বছরের বার্ষিক চাঁদা পরিশোধ না করলে;

গ) পর পর দু'টি বার্ষিক সাধারণ সভায় অনুপস্থিত থাকলে;

ঘ) সদস্যের মৃত্যু জনিত কারণে;

ঙ) আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হলে;

চ) রাষ্ট্র, সমাজ ও উন্নয়ন বিরোধী কাজ করলে;

ছ) আদালত কর্তৃক দোষী সাব্যস্ত বা সাজাপ্রাপ্ত হলে;

জ) মানসিক ভারসাম্যতা দেখা দিলে;

ঝ) স্বেচ্ছায় সদস্য পদ প্রত্যাহার করলে;

**সদস্য পদ পূর্ণবহালঃ**

ক্রমিক নং "খ" এবং "গ" বর্ণিত কারণে সদস্য পদ বাতিল হলে, সদস্য যদি তাঁর সদস্য পদ পূর্ণবহালের জন্য আবেদন করেন এবং কার্যনির্বাহী পরিষদ বিষয়টি বিবেচনা করলে সদস্য পদ পূর্ণবহাল করা যেতে পারে।

**নির্বাহী পরিষদ সদস্যপদ বিলুপ্তি সংক্রান্তঃ**

**উপধারাঃ**

ক) পর পর দু'টি নির্বাহী পরিষদ সভায় উপযুক্ত কারন ব্যতিরেকে অনুপস্থিত থাকলে;
খ) বার্ষিক সাধারণ সভায় উপযুক্ত কারন ছাড়া অনুপস্থিত থাকলে;
গ) সাধারণ সদস্যপদ বাতিল হলে;
ঘ) কোন সদস্যের বিরুদ্ধে আণীত অনাস্থা প্রস্তাব গৃহিত হলে;

অনুমোদন করা হলো।
২৭.৮.২০১৪
... নিবন্ধন অধিদপ্তর ... সমাজসেবা অধিদপ্তর
ও
নিবন্ধীকরণ কর্তৃপক্ষ, সিরাজগঞ্জ।

**বহিস্কারাদেশঃ**

সংগঠনের কোন সদস্য সংগঠন বিরোধী বা গঠনতন্ত্র বহির্ভূত কোন কাজ এবং রাষ্ট্রবিরোধী কোন কাজে জড়িত হলে তাকে ৭ (সাত) দিনের কারণ দর্শানো নোটিশ প্রদান সাপেক্ষে নির্বাহী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক সংগঠন থেকে বহিস্কার করা যাবে।

**শুন্য পদ পূরণঃ**

সাধারণ সদস্য পদ বা নির্বাহী পরিষদের কোন পদ কোন কারনে শুন্য হলে তা পূরণের জন্য নির্বাহী পরিষদ সিদ্ধান্ত গ্রহণ করবেন এবং বিষয়টি নিবন্ধন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

পরীক্ষিত
২৪/০৮/২০১৪
সমাজসেবা অফিসার (রেজিঃ)
জেলা সমাজসেবা কার্যালয়
সিরাজগঞ্জ।
২৬/০৮/২০১৪

সাধারন সম্পাদক
ন্যাশনাল ডেভেঃ প্রোগ্রাম।

বিঃ দ্রঃ ঋণ ও সঞ্চয় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এবং বিভাগীয় কার্যক্রমের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে এবং এ সংস্থার গঠনতন্ত্রে যা কিছু লিপিবদ্ধ থাকুক না কেন এসংস্থাটি বাংলাদেশে বিদ্যমান আইন ও বিধি-বিধান সমূহ মেনে চলতে বাধ্য থাকবে।

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

সংশোধিত

**ধারা নং-০৭**

**সদস্যদের শ্রেনীবিভাগ ঃ**

সংস্থায় তিন ধরণের সদস্য থাকবে;

**উপধারাঃ**

**ক) প্রতিষ্ঠাতা সদস্যঃ** যে সকল সম্মানিত ব্যক্তিবর্গের উদ্যোগে সংস্থা প্রতিষ্ঠা লাভ করেছে তাঁরা প্রতিষ্ঠাতা সদস্য বলে বিবেচিত হবেন। তাঁরা সংস্থায় সর্বদা বিশেষ মর্যাদার অধিকারী হবেন এবং তাঁদের নাম বোর্ডে লিপিবদ্ধ থাকবে।

**খ) সাধারণ সদস্যঃ** নির্ধারিত ভর্তি ফরমে আবেদন করার পর নির্বাহী পরিষদের সুপারিশক্রমে বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন এবং সভায় অনুমোদিত হলে সেক্ষেত্রে ভর্তি ফি ও এক বছরের বার্ষিক চাঁদা পরিশোধ করলে তিনি সাধারণ সদস্য হিসেবে বিবেচিত হবেন।

**গ) দাতা সদস্যঃ** সর্ব মোট কমপক্ষে ১০,০০০ (দশ হাজার) টাকা বা সমমূল্যের সম্পদ সংস্থাকে দান করলে দাতা সদস্য হিসেবে গণ্য করা হবে। এই সদস্যের বার্ষিক চাঁদা বাধ্যতামুলক নয়। তাঁদের ভোটাধিকার ও প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতার অধিকার থাকবে না। দাতা সদস্যদের নামও বোর্ডে লিপিবদ্ধ থাকবে।

**ধারা নং-০৮**

**সংগঠনের পরিষদঃ**

সংগঠনের মোট ৪ (চার) টি পরিষদ থাকবেঃ

অনুমোদন করা হলো
২৯.৮.২০২৪
উপ পরিচালক
সমাজসেবা অধিদফতর
ও
নিঃ নীকরণ কর্তৃপক্ষ, সিরাজগঞ্জ।

ক) উপদেষ্টা পরিষদ
খ) সাধারণ পরিষদ
গ) নির্বাহী পরিষদ
ঘ) অস্থায়ী পরিষদ

**ক) উপদেষ্টা পরিষদঃ** এই পরিষদ সংগঠনের কার্যক্রমকে সুষ্ঠুভাবে পরিচালনায় সকল প্রকার উপদেশ দিয়ে সহয়তা করবেন। উপদেষ্টা পরিষদের সদস্যদের কোন ভোটাধিকার থাকবে না। বাংলাদেশে বসবাসরত যে কোন স্বনামধন্য বুদ্ধিজীবি ব্যক্তিগণ (সরকারী বা বেসরকারী) যিনি বা যাঁরা এই সংগঠনের আদর্শ ও উদ্দেশ্যে বিশ্বাসী শুধুমাত্র তাঁরাই উপদেষ্টা পরিষদের সদস্য হওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন। উপদেষ্টা পরিষদের সদস্য সংখ্যা হবে ৫ (পাঁচ) জন। এদের মধ্যে ১ (এক) জন প্রধান উপদেষ্টা এবং বাকি ৪ (চার) জন সদস্য। নির্বাহী পরিষদ সংস্থার উপদেষ্টা পরিষদ গঠন করবেন। সম্ভব হলে নির্বাহী পরিষদের সভায় উপদেষ্টা পরিষদের সদস্যগণ উপস্থিত থেকে সিদ্ধান্ত গ্রহণে সার্বিক সহায়তা করতে পারবেন।

**খ) সাধারণ পরিষদঃ** প্রতিষ্ঠাতা ও সাধারণ সদস্যদের সমন্বয়ে গঠিত হবে সাধারণ পরিষদ।

১. সংগঠনের সকল বিষয়ে সর্বোচ্চ ক্ষমতার অধিকারী এই পরিষদ।
২. সাধারণ পরিষদ সংগঠনের গঠনতন্ত্র, বাৎসরিক কর্মপরিকল্পনা, বাজেট প্রণয়ন, বার্ষিক কার্যক্রম ও বার্ষিক আর্থিক প্রতিবেদন অনুমোদন করবে।
৩. সকল বৈধ সদস্যদের সমন্বয়ে সাধারণ পরিষদ গঠিত হবে। সাধারণ পরিষদ সদস্য সংখ্যা হবে ২৯ জন। তবে পরিষদ ইচ্ছা করলে সর্বসম্মতভাবে এ সদস্য সংখ্যা প্রয়োজনানুযায়ী বাড়াতে পারবে। প্রতি বার্ষিক সাধারণ সভার এক মাস পূর্বে সাধারণ পরিষদের সদস্য তালিকা চুড়ান্ত করা হবে।
৪. বার্ষিক সধািরণ সভায় সংস্থার নিরীক্ষা কার্যক্রমের জন্য নিরীক্ষা ফার্ম নিয়োগের অনুমোদন দেবে।

পরীক্ষিত
২৯.০৮.২০২৪

সাধারন সম্পাদক
ন্যাশনাল ডেভেঃ প্রোগ্রাম।

সমাজসেবা অফিসার (রেজিঃ)
জেলা সমাজসেবা কার্যালয়
সিরাজগঞ্জ।
২৯/৮/২০২৪

বিঃ দ্রঃ ঋণ ও সঞ্চয় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এবং বিভাগীয় কার্যক্রমের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে এবং এ সংস্থার গঠনতন্ত্রে যা কিছু লিপিবদ্ধ থাকুক না কেন এসংস্থাটি বাংলাদেশে প্রচলিত আইন ও বিধি-বিধান সমূহ মেনে চলতে বাধ্য থাকবে।

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

সংশোধিত

**গ) নির্বাহী পরিষদঃ**

১.সংগঠন পরিচালনার গঠনতন্ত্র, নীতিমালা/বিধিমালা, বার্ষিক কর্ম-পরিকল্পনা, বাজেট প্রণয়ন, এবং হিসাব নিরীক্ষা করানোর দায়িত্ব পালন করবে এই পরিষদ।
২. সাধারণ পরিষদ কর্তৃক অনুমোদিত গঠনতন্ত্র,নীতিমালা/বিধিমালা, বার্ষিক কর্ম-পরিকল্পনা, কর্মসূচি ও প্রকল্প বাস্তবায়নের দায়িত্ব পালন করবে এই পরিষদ।
৩. নির্বাহী পরিষদ সংগঠনের সকল জনবল নিয়োগ, বরখাস্ত, পদোন্নতি, বেতন ভাতা নির্ধারণ, চাকুরী বিধিমালা ও মানব সম্পদ নীতিমালা প্রণয়ণ করবে।
৪. দাতা সংস্থার সাথে সমঝোতা স্মারক ও চুক্তি সম্পাদন করার ক্ষমতার অধিকারী এই পরিষদ।
৫. নির্বাহী পরিচালকের ১৫ দিন বা ততোধিক অনুপস্থিতে নির্বাহী পরিষদ ঐ সময়ের জন্য একজন ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক (সর্বাপেক্ষা জৈষ্ঠ কর্মকর্তাদের মধ্য থেকে) নির্বাচন করবেন এবং তাঁকে সংস্থার পক্ষে চুক্তি সম্পাদন ও আর্থিক লেন-দেন করার ক্ষমতা অর্পণ করবেন। কিন্তু ১৫ দিনের কম সময়ের জন্য অনুপস্থিতির ক্ষেত্রে তিনি নিজেই অনরূপ ব্যক্তির নিকট সাময়িক দায়িত্ব প্রদান করতে পারবেন।।
৬. সদস্যপদ অনুমোদন, বাতিল ও পূণর্বহাল ক্ষমতার অধিকারী।
৭. বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশনার ব্যবস্থা করবে।
৮. গঠনতন্ত্রের কোন ধারা/উপধারা সংশোধনী বিষয়ে আলোচনা, সিদ্ধান্ত গ্রহণ ও সাধারণ পরিষদ সভায় উপস্থাপন ও অনুমোদন গ্রহণ।
৯. নতুন কার্যনির্বাহী কমিটি গঠন না হওয়া পর্যন্ত বিদ্যমান নির্বাহী পরিষদ প্রয়োজনে অতিরিক্ত ১ (এক) মাস দায়িত্ব পালন করবে।
১০. কেবলমাত্র বৈধ সদস্যদের সমন্বয়ে কার্যনির্বাহী পরিষদ গঠিত হবে। তবে নির্বাহী পরিষদে কমপক্ষে ৩ (তিন) জন নারী সদস্য থাকতে হবে।
১১. নির্বাহী পরিষদ গঠনের রূপ রেখাঃ মোট ৭ (সাত) জন সদস্যের সমন্বয়ে নির্বাহী পরিষদ গঠিত হবে।

| | |
|---|---|
| (১) সভাপতি | ১ জন |
| (২) সহ সভাপতি | ১ জন |
| (৩) সাধারণ সম্পাদক | ১ জন |
| (৪) কোষাধ্যক্ষ | ১ জন |
| (৫) নির্বাহী সদস্য | ৩ জন |

সংগঠনের লক্ষ্য অর্জনের জন্য গৃহীত নীতিমালা/বিধিমালা ও পরিকল্পনা বাস্তবায়ন এবং সার্বিক কার্যকরী দায়িত্ব পালনের জন্য পরিষদ প্রধান নির্বাহী হিসেবে এক জন নির্বাহী পরিচালক নিয়োগ করবেন। পদাধিকর বলে সাধারণ সম্পাদক সংস্থার প্রধান নির্বাহী পরিচালক হিসেবে দায়িত্ব পালন করবেন। সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের জন্য সার্বক্ষনিক দায়িত্ব পালনের নিমিত্তে সংগঠনের কার্যালয়ে কর্মরত পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, প্রকল্প ব্যবস্থাপক ও হিসাব বিভাগের প্রধানের সমন্বয়ে একটি কর্মসূচি ব্যবস্থাপনা কমিটি গঠিত হবে। সাধারণ সম্পাদক (কর্মরত নির্বাহী পরিচালক) নির্বাহী পরিষদের সাথে কর্মসূচি ব্যবস্থাপনা কমিটির পক্ষ থেকে সকল ধরণের সমন্বয় সাধন করবেন।

**ঘ) অস্থায়ী পরিষদঃ**
সংগঠনের কোন বিশেষ পরিস্থিতিগত কারনে কার্য নির্বাহী পরিষদের মেয়াদকাল ফুরিয়ে গেলে/তদীয় কর্তৃক কার্য সম্পাদনে অপারগতা প্রকাশ হরলে সেক্ষেত্রে সাধারণ পরিষদের ৫ (পাঁচ) জন সদস্য সমন্বয়ে অস্থায়ী পরিষদ গঠিত হবে। এই পরিষদে ১ (এক) জন আহবায়ক ও ৪ (চার) জন সদস্য থাকবে। এই কমিটির মেয়াদ হবে সর্বোচ্চ দুই মাস।

**অস্থায় পরিষদের কার্যপরিধিঃ**
১) সাময়িককালের জন্য এই কমিটি দায়িত্ব পালন করবে;
২) নূতন নির্বাহী গঠনের ব্যবস্থা করবে;
৩) সংস্থার স্থাবর ও অস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষন করবেন;
৪) নির্বাচন পরবর্তী নবগঠিত কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করবেন;

অনুমোদন করা হলো।
২৯.৮.২০২৪
উপ পরিচালক
সমাজসেবা অধিদফতর
ও
নিঃ কর্তৃপক্ষ, সিরাজগঞ্জ।

পরীক্ষিত
২৯/০৮/২০২৪
সমাজসেবা অফিসার (রেজিঃ)
জেলা সমাজসেবা কার্যালয়
সিরাজগঞ্জ।
২৯/৮/২০২৪

সাধারন সম্পাদক
ন্যাশনাল ডেভেঃ প্রোগ্রাম।

বিঃ দ্রঃ ঋণ ও সঞ্চয় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এবং বিভাগীয় কার্যক্রমের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে এবং এ সংস্থার গঠনতন্ত্রে যা কিছু লিপিবদ্ধ থাকুক না কেন এসংস্থাটি বাংলাদেশে বিদ্যমান আইন ও বিধি-বিধান সমূহ মেনে চলতে বাধ্য থাকবে।

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

সংশোধিত

**ধারা নং ০৯**

**নির্বাহী পরিষদ সদস্যদের ক্ষমতা ও দায়িত্বাবলীঃ**

**উপধারা-০১**

**সভাপতি ঃ**

১) তিনি সংস্থার গঠনতান্ত্রিক প্রধান হিসাবে দায়িত্ব পালন করবেন;
২) সংস্থার সকল প্রকার সভায় তিনি সভাপতিত্ব করবেন এবং সভায় কার্যবিবরণী স্বাক্ষর ও অনুমোদন করবেন;
৩) সংস্থা কর্তৃক বাস্তবায়িত সকল প্রকার কাজের তদারকি/তত্ত্বাবধান করবেন;
৪) গঠনতন্ত্রের (প্রয়োজনে) বিভিন্ন ধারা বা উপধারার ব্যাখ্যা প্রদান করবেন;
৫) তিনি প্রয়োজনীয় ক্ষেত্রে সংস্থার কর্তৃক পরিচালিত বিভিন্ন ব্যাংক হিসাবের চেক স্বাক্ষর করবেন;
৬) সংস্থার বিভিন্ন কর্মসূচি বা প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় সর্বদা সচেষ্ট থাকবেন;
৭) তিনি নির্বাহী পরিষদ সভার কার্যবিবরনী অনুমোদন করবেন;
৮) কোন বিষয়ে সমান সংখ্যক ভোট পড়লে কাষ্টিং ভোট প্রদান করে সমস্যার নিষ্পত্তি করবেন;
৯) তিনি সংস্থার স্থাবর ও অস্থাবর সম্পত্তির সুষ্ঠ রক্ষণাবেক্ষনে সচেষ্ট থাকবেন;
১০) সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে সদা সচেষ্ট থাকবেন;

**সহ-সভাপতি ঃ** সভাপতির অনুপস্থিতিতে তিনি সভাপতির সকল দায়িত্ব পালন করবেন। তিনি প্রতিষ্ঠানের সকল কাজে সভাপতিকে সার্বিকভাবে সহায়তা করবেন।

**উপধারা-০২**

**সাধারণ সম্পাদক ঃ**

১) সভাপতির সাথে পরামর্শক্রমে তিনি সংগঠনের সকল প্রকার সভা আহবান করবেন;
২) সভার আলোচ্যসূচি, তারিখ, সময় ও স্থান উল্লেখ-পূর্বক বিজ্ঞপ্তি জারি করবেনও সদস্যদের নিকট তা যথাসময়ে পৌছানোর ব্যবস্থা করবেন;
৩) তিনি সভাপতি সহ নির্বাহী পরিষদ ও সাধারণ পরিষদের অন্যান্য সদস্যদের সাথে সমন্বয় সাধন করবেন;
৪) তিনি সংস্থার বার্ষিক সাধারণ সভায় সংস্থার বার্ষিক রিপোর্ট পেশ করবেন;
৫) তিনি সংগঠনের প্রশাসনিক নির্বাহী প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন এবং সংগঠনের সকল প্রকার মুল্যবান সম্পদ, দলিলাদি ও চুক্তিপত্র রক্ষনাবেক্ষণ করবেন;
৬) সমাজ সেবা বিভাগসহ অন্যান্য সরকারী, আধা সরকারী ও বেসরকারী উন্নয়ন সংস্থা এবং দেশী-বিদেশী দাতা সংস্থার সাথে সার্বক্ষণিক সাথে যোগাযোগ রক্ষা করবেন;
৭) সংগঠনের সকল প্রকার কার্যক্রম বাস্তবায়নের ব্যাপারে উদ্যোগ গ্রহণ এবং সিদ্ধান্ত নেবেন;
৮) সংগঠনের সকল প্রকার প্রকল্পের তহবিল সংগ্রহ এবং যথাযথভাবে সংরক্ষণ করবেন;
৯) নির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে তিনি সংস্থার পক্ষে অন্য যে কোন সংস্থা বা প্রতিষ্ঠানের সাথে চুক্তিপত্র সম্পাদন ও আর্থিক লেন-দেন করতে পারবেন;
১০) তিনি সংস্থার তহবিল বৃদ্ধিকল্পে দাতা সংস্থার সাথে সার্বিক যোগাযোগ রক্ষা করবেন;
১১) সাধারণ সম্পাদক সকল কর্মকর্তা ও কর্মচারীদের শৃংখলা বিরোধী, অর্থ আত্মসাৎ ও আর্থিক দুর্নীতিজনিত কাজের জন্য কারণ দর্শানো, সাময়িক বরখাস্ত ও চুড়ান্ত বরখাস্ত করতে পারবেন। তবে বিষয়টি পরবর্তী নির্বাহী পরিষদের সভায় অবহিতকরণ ও অনুমোদন করিয়ে নিবেন;
১২) সাধারণ সম্পাদক নির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে তার অধীনে অন্যান্য সকল কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ প্রদান করতে পারবেন। তিনি সকল সভার কার্যবিবরণী লিপিবদ্ধ ও তা' সদস্যদের মাঝে বিতরণের ব্যবস্থা করবেন;
১৩) সংস্থার স্থাবর ও অস্থাবর সম্পত্তি সুষ্ঠ রক্ষণাবেক্ষন করবেন;
১৪) ব্যাংক হিসাব পরিচালনার ক্ষেত্রে চেক বই স্বাক্ষর করবেন;
১৫) তিনি সংস্থার অর্থ বিভাগ, নিরীক্ষা বিভাগ ও মনিটরিং বিভাগ সরাসরি তত্ত্বাবধান করবেন;
১৬) সাধারণ সম্পাদকের অনুপস্থিতে (ছুটি বা বিদেশ সফর) উপরে উল্লেখিত ৮নং ধারার ''গ'' (৫) অনুচ্ছেদ প্রযোজ্য হবে।

পরীক্ষিত

অনুমোদন করা হলো

সাধারন সম্পাদক
ন্যাশনাল ডেভেঃ প্রোগ্রাম।

সমাজসেবা অফিসার (রেজিঃ)
জেলা সমাজসেবা কার্যালয়
সিরাজগঞ্জ।

উপ-পরিচালক
সমাজসেবা অধিদফতর

বিঃ দ্রঃ ঋণ ও সঞ্চয় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এবং বিভাগীয় কার্যক্রমের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে এবং এ সংস্থার গঠনতন্ত্রে যা কিছু লিপিবদ্ধ থাকুক না কেন এসংস্থাটি বাংলাদেশে বিদ্যমান আইন ও বিধি-বিধান সমূহ মেনে চলতে বাধ্য থাকবে।



সংশোধিত

উপধারা-০৩

কোষাধ্যক্ষ ঃ

১) কোষাধ্যক্ষ সংগঠনের সদস্যদের নিকট থেকে বার্ষিক চাঁদা আদায় করবেন এবং হিসাব রক্ষণাবেক্ষণ করবেন;
২) তিনি সংগঠনের হিসাব রক্ষণাবেক্ষণ পদ্ধতির বিষয়ে সংস্থার হিসাব বিভাগে নিয়োজিত ব্যক্তিগণকে পরামর্শ দেবেন;
৩) তিনি বার্ষিক সাধারণ সভায় সংস্থার আর্থিক প্রতিবেদন, অডিট প্রতিবেদন ও বাজেট উপস্থাপন করবেন;
৪) তিনি হিসাব নিরীক্ষার ক্ষেত্রে সার্বিক সহযোগিতা প্রদান করবেন;
৫) তিনি ব্যাংক থেকে টাকা উত্তোলনের জন্য চেকে স্বাক্ষর করবেন;

উপধারা-৪

সদস্য ঃ

১) নির্বাহী পরিষদ সদস্যগণ সংগঠনের সার্বিক উন্নয়ন তৎপরতায় পরামর্শ প্রদান করবেন;
২) নতুন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নির্বাহী পরিষদ সভায় অংশগ্রহণের মাধ্যমে সক্রিয় ভুমিকা রাখবেন;
৩) সংগঠনের স্বার্থে সংস্থা গৃহিত প্রকল্প পরিদর্শন, তহবিল সংগ্রহ ও কার্যক্রম মুল্যায়ন বিষয়ে সক্রিয় ভুমিকা পালন করবেন;
৪) নির্বাহী পরিষদ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করবেন;
৫) নিয়মিতভাবে মাসিক/এককালীন চাঁদা পরিশোধ করবেন;

**ধারা নং-১০**

নির্বাহী পরিষদ গঠন প্রণালীঃ

১. সকল ধরণের নির্বাচন গোপন ব্যালটের মাধ্যমে সম্পন্ন হবে;
২. সবাই প্রার্থী, সবাই ভোটার এ পদ্ধতিতে নির্বাচন অনুষ্ঠিত হবে;
৩. নির্বাচনে এক ব্যক্তি একটি পদের জন্য ভোটের অধিকারী হবেন এবং সংশ্লিষ্ট পদ সমূহের জন্য একটি করে ভোট প্রদান করবেন;
৪. কোন প্রতিনিধির মাধ্যমে ভোট দেয়া যাবে না;
৫. নির্বাচন কমিশন কর্তৃক স্বাক্ষরিত ব্যালটের মাধ্যমে ভোট দিতে হবে;
৬. শুধুমাত্র চাঁদা পরিশোধকৃত সদস্যগণ ভোটার হিসেবে গণ্য হবেন। নির্বাচনের তফশীল ঘোষনার এক মাস পূর্বে সম্পূর্ন চাঁদা পরিশোধ করতে হবে;
৭. নিবন্ধন কর্তৃপক্ষের নিকট থেকে নব নির্বাচিত নির্বাহী পরিষদের অনুমোদন নিতে হবে।

নির্বাহী পরিষদের মেয়াদকালঃ

উপধারা-০১ নির্বাচনের দিন হতে ৩ (তিন) বছরের জন্য কার্যনির্বাহী পরিষদ গঠিত হবে এবং কার্যনির্বাহী পরিষদের সভায় নির্বাচন সংক্রান্ত সিদ্ধান্ত গৃহিত হবে।

উপধারাঃ ০২ কার্যনির্বাহী পরিষদের কোন পদ শুন্য হলে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সাধারণ পরিষদের মধ্য থেকে একজন সদস্যকে কো-অপ্ট করে শুন্যপদ পূরণ করতে হবে। যদি একই সাথে একাধিক পদ শুন্য হয় তবে সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক শুন্যপদসমূহ পূরণ করতে হবে।

অনুমোদন করা হলো
২৭.৮-২০১৮
উপ-পরিচালক
সমাজসেবা অধিদপ্তর

নির্বাচনে ভোটার ও প্রার্থীর অযোগ্যতাঃ

উপধারাঃ ০১. সংস্থার সাধারণ পরিষদের সদস্য না হলে;
উপধারাঃ ০২. মাসিক চাঁদা নিয়মিত পরিশোধিত না থাকলে;
উপধারাঃ ০৩. সংস্থা কর্তৃক কোন শোকজের আওতাভূক্ত থাকলে;
উপধারাঃ ০৪. নির্বাচনে সদস্যদের গ্রুপিং লবিং পরিলক্ষিত হলে;
উপধারাঃ ০৫. দাতা সদস্য বা উপদেষ্টা পরিষদের সদস্য হলে;

পরীক্ষিত
২৭/০৮/২০১৮
সমাজসেবা অফিসার (রেজিঃ)
জেলা সমাজসেবা কার্যালয়
সিরাজগঞ্জ।
২৫/৮/২০১৮

সাধারন সম্পাদক
ন্যাশনাল ডেভেঃ প্রোগ্রাম।

বিঃ দ্রঃ ঋণ ও সঞ্চয় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এবং বিভাগীয় কার্যক্রমের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে এবং এ সংস্থার গঠনতন্ত্রে যা কিছু লিপিবদ্ধ থাকুক না কেন এসংস্থাটি বাংলাদেশে বিদ্যমান আইন ও বিধি-বিধান সমূহ মেনে চলতে বাধ্য থাকবে।

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

সংশোধিত

**ধারা নং-১১**

**নির্বাচন কমিশন গঠন পদ্ধতিঃ**

সাধারণ পরিষদ নির্বাচনের এক মাস পূর্বে বিশেষ সাধারণ সভায় তিন সদস্য সমন্বয়ে নির্বাচন কমিশন গঠন করবেন। একজন প্রধান নির্বাচন কমিশনার এবং বাকি দু'জন সদস্য থাকবেন। সাধারণ পরিষদ সদস্যদের মধ্য থেকে যে সকল সদস্য কোন পদে প্রার্থী হবেন না, শুধুমাত্র তাদের সমন্বয়ে নির্বাচন কমিশন গঠিত হবে। সাধারণ পরিষদ প্রয়োজন অনুভব করলে সাধারণ পরিষদ সদস্যের বাইরে থেকেও নির্বাচন কমিশন গঠন করতে পারবেন।

**কার্যবিধিঃ**

১. নির্বাচন কমিশন সাধারণ পরিষদ সদস্যদের একটি চূড়ান্ত তালিকা প্রকাশ করবেন;
২. নির্বাচন কমিশন নির্বাচনের জন্য তফশীল ঘোষনা করবেন এবং উক্ত তফশীল অনুযায়ী পরবর্তী ৩ (তিন) বছরের জন্য নির্বাহী পরিষদের নির্বাচন সম্পন্ন হবে;
৩. নির্বাচন কমিশন গোপন ব্যালটের মাধ্যমে নির্বাচন সম্পন্ন করবেন। তবে একাধিক প্রার্থী কোন পদে মনোনয়নপত্র জমা না দিলে ঐ পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় প্রার্থী নির্বাচিত হবেন;
৪. নির্বাচন সম্পন্ন হবার পর সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধন কর্তৃপক্ষের নিকট নবনির্বাচিত নির্বাহী পরিষদের অনুমোদনের জন্য পাঠাতে হবে এবং অনুমোদন নিতে হবে।

**ধারা নং-১২**

**অনাস্থা প্রস্তাব**

প্রতিষ্ঠানের দু-তৃতীয়াংশ সদস্যের ঐক্যমত্যের ভিত্তিতে প্রতিষ্ঠানের স্বার্থ বিরোধী কাজের জন্য কার্যনির্বাহী পরিসদের যে কোন সদস্যের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনায়ন করা যাবে। এমতাবস্থায় সদস্যগণ সভাপতিকে অবহিত করবেন। সভাপতি ১৫ (পনের) দিনের নোটিশে সাধারণ পরিষদ সভা আহবানের ব্যবস্থা করবেন। সে সভায় উক্ত অনাস্থা প্রস্তাব পেশ করা হবে এবং দু-তৃতীয়াংশ সদস্যের ঐক্যমত বা সমর্থনে সংশ্লিষ্ট ব্যক্তির সদস্যপদ বাতিল বলে গণ্য হবে। অতঃপর, শুন্যপদ পূরণের জন্য ব্যবস্থা করতে হবে।

**ধারা নং-১৩**

**ক্ষমতা হস্তান্তরঃ**
নির্বাচনের পর পূর্ববর্তী নির্বাহী পরিষদের মেয়াদকাল শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে নূতন নির্বাহী পরিষদের নিকট ক্ষমতা হস্তান্তর করতে হবে।

অনুমোদন করা হল
২৭.৮.২০২৪
উপ-পরিচালক
সমাজসেবা অধিদপ্তর

**ধারা নং-১৪**

**সংগঠনের সভা আহবানঃ**

**উপধারা ঃ ০১**
**সাধারণ পরিষদ সভাঃ** সাধারণ পরিষদের সভা বছরে একবার অনুষ্ঠিত হবে। প্রয়োজনে বছরে একাধিকবার বিশেষ সাধারণ সভা হতে পারে। সকল প্রকার সাধারণ সভা বা বার্ষিক সাধারণ সভা বা বিশেষ সাধারণ সভা ১৫ (পনের) দিনের নোটিশে আহবান করতে হবে।

**উপধারাঃ ০২**
**কার্য নির্বাহী পরিষদ সভাঃ** কার্য নির্বাহী পরিষদ সভা সাধারণতঃ ৩ (তিন) মাস পর পর অনুষ্ঠিত হবে। প্রয়োজনে এর বেশীও হতে পারে। বছরে কমপক্ষে ৪ (চার) টি সভা করা বাধ্যতামূলক। নির্বাহী পরিষদের সভা কমপক্ষে ৩ (তিন) দিনের নোটিশে আহবান করতে হবে।

পরীক্ষিত
২৭/০৮/২০২৪

সাধারন সম্পাদক
ন্যাশনাল ডেভেঃ প্রোগ্রাম

সমাজসেবা অফিসার (রেজিঃ)
জেলা সমাজসেবা কার্যালয়
সিরাজগঞ্জ।
২৮/৮/২০২৪

বিঃ দ্রঃ ঋণ ও সঞ্চয় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এবং বিভাগীয় কার্যক্রমের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে এবং এ সংস্থার গঠনতন্ত্রে যা কিছু লিপিবদ্ধ থাকুক না কেন এসংস্থাটি বাংলাদেশে বিদ্যমান আইন ও বিধি-বিধান সমুহ মেনে চলতে বাধ্য থাকবে।

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

সংশোধিত

**উপধারাঃ ০৩**
**জরুরী সভাঃ** কার্যনির্বাহী পরিষদের কোন কোন জরুরী সভা ২৪ (চব্বিশ) ঘন্টার নোটিশে এবং সাধারণ পরিষদের যে কোন জরুরী বিশেষ জরুরী সভা ৩ (তিন) দিনের নোটিশে আহবান করা যাবে।

**উপধারাঃ ০৪**
**তলবী সভা ঃ** সভাপতি বা সাধারণ সম্পাদক কোন কারণে সভা আহবান করতে ব্যর্থ হলে তলবী সভা আহবান করা যাবে। তলবী সভা আহবানের ক্ষেত্রে সাধারণ পরিষদের ৫১% সদস্যের স্বাক্ষর অবশ্যক হবে এবং সেক্ষেত্রে তলবী সভায় গৃহীত সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

**উপধারাঃ ০৫**
**মূলতবী সভাঃ** কোন সাধারণ সভা কোরামের অভাবে স্থগিত হলে ১৫ (পনের) দিনের মধ্যে পরবর্তী সাধারণ সভার নোটিশ প্রদান করতে হবে এবং ঐ স্থগিত সাধারণ সভায় যত সংখ্যক সদস্য উপস্থিত থাকবেন তাদের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। কার্য নির্বাহী পরিষদের সভা কোন কারণে দু'বার স্থগিত হলে তৃতীয়বারে উপস্থিত সদস্যদের নিয়েই সভা অনুষ্ঠিত হবে এবং উক্ত সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহ কার্যকর হবে।

## ধারা নং-১৫

**সংগঠনের সভায় কোরাম ঃ**

**উপধারাঃ ০১**
**সাধারণ সভা ঃ** সংস্থার সাধারণ পরিষদ সভার কোরাম হবে ৫১% ভাগ সদস্যদের উপস্থিতিতে;

**উপধারাঃ ০২**
**নির্বাহী পরিষদ সভাঃ** সংস্থার কার্য নির্বাহী পরিষদ সভার কোরাম হবে দু-তৃতীয়াংশ সদস্যদের উপস্থিতিতে;

**উপধারাঃ ০৩**
**জরুরী সভাঃ** যে কোন ধরণের (সাধারণ বা নির্বাহী পরিষদ) জরুরী সভায় কোরাম হবে ৩৩% ভাগ সদস্যদের উপস্থিতিতে;

## ধারা নং-১৬

**আর্থিক ব্যবস্থাপনা ঃ**
**উপধারাঃ ০১.** সংস্থার নামে যাবতীয় প্রাপ্তি-প্রদান হিসাবপত্র সংরক্ষণ করা;

**উপধারাঃ ০২.** লেজার বহি, ক্যাশ বহি রক্ষণাবেক্ষন করা, বকেয়া ভিত্তিক হিসাব প্রণয়ন করা;

**উপধারাঃ ০৩.** ক্রমিক নম্বরযুক্ত ছাপানো রশিদ বহির মাধ্যমে সংস্থার সদস্য চাঁদা, তহবিল, অনুদান গৃহীত হবে;

**ক) সময়কালঃ** সংস্থার আর্থিক হিসাব বছর ধরা হবে সংশ্লিষ্ট বছরের ০১ জুলাই থেকে পরবর্তী বছরের ৩০ জুন পর্যন্ত।

**খ) তহবিল গঠনঃ** নিম্ন বর্ণিত উপায়ে সংস্থার তহবিল গঠন করা হবে।

১) সদস্যদের ভর্তি ফি;
২) বাৎসরিক চাঁদা;
৩) এককালীন দান;
৪) জাতীয়, আন্তর্জাতিক সংস্থার অনুদান;
৫) সরকারী আধা সরকারী, বেসরকারী সংস্থা সমুহের অনুদান;
৬) ঋণ গ্রহণ;
৭) ব্যাংক সুদ;
৮) সার্ভিস চার্জ;
৯) অর্থকরী প্রকল্পের ও উৎপাদিত দ্রব্যাদির বিক্রয়লব্ধ অর্থ;
১০)স্থাবর ও অস্থাবর সম্পত্তি/পুরাতন যন্ত্রপাতি, আসবাবপত্র, যানবাহন বিক্রয়লব্ধ অর্থ;

অনুমোদন করা হল।
১৭.৮.১০২৪
উপপরিচালক
সমাজসেবা অধিদফতর
ও
নিঃ নিবন্ধন কর্তৃপক্ষ, সিরাজগঞ্জ।

পরীক্ষিত
২৭/০৮/২০২৪
সমাজসেবা অফিসার (রেজিঃ)
জেলা সমাজসেবা কার্যালয়
সিরাজগঞ্জ।
২৭/৮/২০২৪

সাধারন সম্পাদক
ন্যাশনাল ডেভেঃ প্রোগ্রাম।

বিঃ দ্রঃ ঋণ ও সঞ্চয় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এবং বিভাগীয় কার্যক্রমের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে এবং এ সংস্থার গঠনতন্ত্রে যা কিছু লিপিবদ্ধ থাকুক না কেন এসংস্থাটি বাংলাদেশে বিদ্যমান আইন ও বিধি-বিধান সমূহ মেনে চলতে বাধ্য থাকবে।

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

সংশোধিত

**গ) তহবিল পরিচালনা ঃ**

১) সংগঠনের জন্য সংগৃহীত তহবিল সরকার অনুমোদিত যে কোন তফশীল ব্যাংকে সংগঠনের নামে রাখা হবে। সংস্থার কার্যক্রম পরিচালনার জন্য সংগঠনের নামে একটি সাধারণ হিসাব (General Account) ও একটি মূল হিসাব (Mother Account) খোলা হবে।

২) সাধারণ হিসাবের মাধ্যমে দাতা সংস্থার দান/অনুদান ও অন্যান্য যাবতীয় লেনদেন পরিচালিত হবে এবং সংস্থার মূল হিসাবটির মাধ্যমে শুধুমাত্র বিভিন্ন দাতা সংস্থার দান/অনুদান সংক্রান্ত লেন-দেন পরিচালিত হবে।

৩) ব্যাংক হিসাব দু'টি যথাক্রমে সাধারণ সম্পাদক/নির্বাহী পরিচালক, কোষাধ্যক্ষ/হিসাব বিভাগের প্রধান ও সংস্থা কর্তৃক মনোনিত অপর কোন দায়িত্বশীল কর্মকর্তা এ তিনজনের মধ্যে দু'জনের স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হবে। তবে সাধারণ সম্পাদক/নির্বাহী পরিচালকের স্বাক্ষর আবশ্যক থাকবে।

৪) বিভিন্ন প্রোগ্রাম/প্রকল্পের নামে যে সকল আলাদা ব্যাংক হিসাব খোলা হবে সেক্ষেত্রে সাধারণ সম্পাদক/ নির্বাহী পরিচালক সংশ্লিষ্ট প্রোগ্রাম/প্রকল্পের প্রকল্প সমন্বয়কারী/ব্যবস্থাপক/প্রকল্প পরিচালক ও টেকনিক্যাল অফিসার/সহকারী প্রকল্প ব্যবস্থাপক /প্রশিক্ষক/প্রকল্প উর্ধতন কর্মকর্তা এর মধ্যে যে কোন দু'জনের স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হবে। তবে, সেক্ষেত্রে সংশ্লিষ্ট প্রোগ্রাম/প্রকল্পের প্রকল্প সমন্বয়কারী/ব্যবস্থাপক/প্রকল্প পরিচালকের স্বাক্ষর আবশ্যক হবে। এখানে উল্লেখ্য যে, নির্ধারিত সিলিং এর উর্ধে (সিলিং প্রকল্প চাহিদা অনুযায়ী নির্ধারিত হবে) চেক প্রদানের ক্ষেত্রে অবশ্যই নির্বাহী পরিচালকের স্বাক্ষর থাকতে হবে।

৫) সংস্থার শাখা পর্যায়ে যে সকল ব্যাংক হিসাব খোলা হবে, সে সকল ব্যাংক হিসাব পরিচলনার ক্ষেত্রে সংস্থার নির্বাহী পরিচালক/পরিচালক/ জোনাল ম্যানেজার/এলাকা ব্যবস্থাপক/সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক ও হিসাব রক্ষক/ক্রেডিট অফিসার এদের মধ্যে যে কোন দু'জনের স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালনা করা হবে। তবে সেক্ষেত্রে, এলাকা ব্যবস্থাপক/সংশ্লিষ্ট ব্যবস্থাপকের স্বাক্ষর অবশ্যই থাকবে।

৬) নির্বাহী পরিষদের সিদ্ধান্তক্রমে নির্বাহী পরিচালক সংস্থার নামে সকল প্রকার ব্যাংক হিসাব খোলা, বন্ধ, স্থগিত করা এবং যে কোন স্বাক্ষরকারী পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করবেন।

**ঘ) বিল ভাউচার অনুমোদনঃ**

১) সংস্থার কার্যক্রম ও আর্থিক লেনদেন বৃদ্ধি পাওয়ায় নির্বাহী পরিচালকের পক্ষে সকল প্রকার বিল ভাউচার অনুমোদন করা সম্ভবপর হয়ে উঠে না। বিধায়, বিভিন্ন কর্মসূচি/প্রকল্পের আর্থিক লেন-দেন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজন বোধে প্রতিটি ক্ষেত্রে নির্বাহী পরিচালকের পাশাপাশি নির্ধারিত অংকের বিল ভাউচার অনুমোদনের ক্ষেত্রে সংস্থার পরিচালক /উপ-পরিচালক /সহকারী পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক/জোনাল ম্যানেজার/এলাকা ব্যবস্থাপক/শাখা ব্যবস্থাপক বিল অনুমোদন করতে পারবেন, যা অফিস আদেশ প্রদানের মাধ্যমে নির্দেশিত হবে।

২) সকল বিল ভাউচারের ক্ষেত্রেই নির্ধারিত অংকের সীমারেখা নির্বাহী পরিষদ অথবা সংস্থার ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদিত হবে।

৩) বিভিন্ন উন্নয়ন সহযোগি/দাতা সংস্থার সহযোগিতায় যে সকল প্রকল্প বাস্তবায়িত হচ্ছে, সেগুলোর ক্ষেত্রে প্রকল্প বিধি/ দাতা সংস্থার নির্দেশনা মোতাবেক বিল অনুমোদন করতে হবে।

**ঙ) পরিদর্শন বইঃ**

সমাজসেবা অধিদপ্তর/নিবন্ধন কর্তৃপক্ষ, অন্যান্য নিবন্ধন কর্তৃপক্ষ, সরকারী, আধা সরকারীও দাতা সংস্থার উপযুক্ত প্রতিনিধি কর্তৃক সংস্থার কার্যক্রম পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকবে ও তাদের পরিদর্শন মন্তব্য লিপিবদ্ধের জন্য একটি পরিদর্মন বই রক্ষণাবেক্ষন করা হবে।

পরীক্ষিত

অনুমোদন করা হলো

সাধারন সম্পাদক
ন্যাশনাল ডেভেঃ প্রোগ্রাম

সমাজসেবা অফিসার (রেজিঃ)
জেলা সমাজসেবা কার্যালয়
সিরাজগঞ্জ।

উপ-পরিচালক
সমাজসেবা অধিদপ্তরের
নিবন্ধীকরণ কর্তৃপক্ষ, সিরাজগঞ্জ

বিঃ দ্রঃ ঋণ ও সঞ্চয় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এবং বিভাগীয় কার্যক্রমের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে এবং এ সংস্থার গঠনতন্ত্রে যা কিছু লিপিবদ্ধ থাকুক না কেন এসংস্থাটি বাংলাদেশে বিদ্যমান আইন ও বিধি-বিধান সমূহ মেনে চলতে বাধ্য থাকবে।

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

সংশোধিত

## ধারা নং-১৭

**হিসাব নিরীক্ষা ঃ**

বছরে একবার সংস্থার আর্থিক হিসাব নিরীক্ষা করা হবে। সমাজসেবা অধিদপ্তর/এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক অনুমোদিত চাটার্ড একাউন্টিং ফার্ম বা মাইক্রো-ক্রেডিট রেগুলেটরি অথোরিটি/পিকেএসএফ কর্তৃক মনোনিত অডিট ফার্ম দ্বারা হিসাব নিরীক্ষা করানো হবে। হিসাব নিরীক্ষা ফি সংগঠনের তহবিল হতে দেওয়া হবে। সংস্থার বার্ষিক সাধারণ পরিষদ সভায় হিসাব নিরীক্ষার জন্য চাটার্ড একাউন্টিং ফার্ম মনোনীত করতে হবে।

## ধারা নং-১৮

**গঠনতন্ত্র সংশোধন পদ্ধতিঃ**

**উপধারাঃ-০১**

১) গঠনতন্ত্রের কোন ধারা বা উপধারা সংশোধনী আনার প্রয়োজন হলে নির্বাহী পরিষদের সুনির্দিষ্ট প্রস্তাব আকারে আলোচনা,মতামত গ্রহণ সুপারিশ সহ সাধারণ পরিষদ সভায় পেশ করতে হবে;

**উপধারাঃ-২)** গঠনতন্ত্রের কোন ধারা বা উপধারা পরিবর্তনের ক্ষেত্রে যথানিয়মে সাধারণ পরিষদের সভায় উপস্থিত দু-তৃতীয়াংশ সদস্যের মতামতের ভিত্তিতে অনুমোদিত হবে;

**উপধারাঃ-৩)** সংশোধিত ধারা /উপধারা চুড়ান্ত অনুমোদনের জন্য নিবন্ধন কর্তৃপক্ষের নিকট পেশ করতে হবে;

**উপধারাঃ-৪)** নিবন্ধন কর্তৃপক্ষ মহোদয় কর্তৃক অনুমোদিত হলে উক্ত সংশোধন বা সংযোজিত অনুচ্ছেদ গঠনতন্ত্রের অবিচ্ছেদ্য অংশ হিসাবে বিবেচিত হবে এবং তা কার্যকর হবে;

## ধারা নং-১৯

**বিলুপ্তি ঃ**

অনিবার্য ও যুক্তিসঙ্গতঃ কোন কারণে যদি সংগঠনের বিলুপ্তির প্রশ্ন দেখা দেয়, তবে সেক্ষেত্রে, সাধারণ পরিষদের অধিবেশনে বিষয়টি আলোচনা ও সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ ও পাঁচ ভাগের তিন ভাগ সাধারণ সদস্যের অনুমোদনক্রমে নির্ধারিত ফর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে। নিবন্ধন কর্তৃপক্ষ দেশের প্রচলিত আইন মোতাবেক এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

## ধারা নং-২০

**আইনগত বৈধতা ঃ**

গঠনতন্ত্রে যা' উল্লেখ থাকুক না কেন সংস্থাটি ১৯৬১ সালের ৪৬ নং অধ্যাদেশ এবং তদাধীনে প্রণীত বিধি বিধান অনুসারে পরিচালিত হবে। এ ছাড়া বাংলাদেশ সরকারের যে কোন কর্মসূচির সাথে সম্পৃক্ত হলে বা অংশিদারিত্বে কোন কাজ করলে সেক্ষেত্রে স্ব স্ব বিভাগ বা মন্ত্রনালয়ের অনুমোদন নিতে হবে।

পরীক্ষিত
২৯/০৮/২০১৮
সমাজসেবা অফিসার (রেজিঃ)
জেলা সমাজসেবা কার্যালয়
সিরাজগঞ্জ।
২৯/০৮/২০১৮

অনুমোদন করা হলো
২৯.৮.২০১৮
উপপরিচালক
সমাজসেবা অধিদফতর
ও
নিঃ কর্তৃপক্ষ, সিরাজগঞ্জ।

সাধারন সম্পাদক
ন্যাশনাল ডেভেঃ প্রোগ্রাম।